দৈনিক ইন

24 SEP

কলাম

# বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ আবু হেনা মোস্তফা কামালের ইন্তেকাল



।। স্টাফ রিপোর্টার ।।

বিশিষ্ট শিক্ষাবিদ, কবি, গীতিকার, গবেষক, বাংলা একাডেমীর মহাপরিচালক ডঃ আবু হেনা মোস্তফা কামাল হৃদরোগে আক্রান্ত হয়ে গতকাল বিকেল পৌনে ৪টায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৩। তিনি সোহরাওয়ার্দী হাসপাতালের ইনসেনটিভ কেয়ার ইউনিটে চিকিৎসাধীন ছিলেন। গত মঙ্গলবার সন্ধ্যায় অসুস্থ বোধ করলে ডঃ আবু হেনাকে সোহরাওয়ার্দী হাসপাতালের ইনসেনটিভ কেয়ার ইউনিটে ভর্তি করা হয়। গত শুক্রবার রাত হতে তাঁর অবস্থার অবনতি ঘটতে

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## প্রেসিডেন্টের শোকবার্তা

## ডঃ আবু হেনার মৃত্যুতে দেশ একজন কৃতী সন্তান হারালো

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ দেশের বিশিষ্ট কবি, সাহিত্যিক ও শিক্ষাবিদ ডঃ আবু হেনা মোস্তফা কামালের আকস্মিক মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। ডঃ আবু হেনা বাংলা একাডেমীর মহাপরিচালক ছিলেন। খবর বাসস'র।

প্রেসিডেন্ট এরশাদ গতকাল এক শোকবার্তায় সাহিত্য সংস্কৃতি ও শিক্ষা ক্ষেত্রে মরহুমের বিশেষ অবদানের কথা উল্লেখ করে বলেন, ডঃ আবু হেনা সব সময় আমাদের সাহিত্য ও সংস্কৃতিতে স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য তুলে ধরার প্রচেষ্টা

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## বাংলোতে তখনো মৃত্যুর খবর পৌছেনি

।। সাইফুল আলম ।।

তখন বিকেল ৪টা ৩০ মিনিট। গতকাল। জাতীয় প্রেস ক্লাব। একটা টেলিফোন কল এলো। অপর প্রান্ত থেকে জানালো, ডঃ হেনা মারা গেছেন।

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## প্রেসিডেন্টের শোক

প্রথম পৃষ্ঠার পর

চালিয়েছেন।

প্রেসিডেন্ট বলেন, ডঃ আবু হেনার মৃত্যুতে দেশ একজন কৃতী সন্তানকে হারালো এবং জাতির অপূরণীয় ক্ষতি হলো।

তিনি মরহুমের শোক সন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জানান এবং তাঁর রূহের মাগফেরাত কামনা করেন।

**ভাইস প্রেসিডেন্টের শোক**

ভাইস প্রেসিডেন্ট জনাব মওদুদ আহমেদ বিশিষ্ট সাহিত্যিক ও কবি ডঃ আবু হেনা মোস্তফা কামালের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

**স্পীকারের শোক**

জাতীয় সংসদের স্পীকার জনাব শামসুল হুদা চৌধুরী বাংলা একাডেমীর মহাপরিচালক ডঃ আবু হেনা মোস্তফা কামালের আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

**প্রধানমন্ত্রীর শোক**

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ এক শোকবার্তায় বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ হেনা আবু হেনা মোস্তফা কামালের আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

**শিক্ষা মন্ত্রীর শোক**

শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বাংলা সাহিত্য ও সংস্কৃতি জগতের বিশিষ্ট ব্যক্তিত্ব ডঃ আবু হেনা মোস্তফা কামালের মৃত্যুতে গভীর শোক জ্ঞাপন করেছেন।

**তথ্য প্রতিমন্ত্রীর শোক**

তথ্য প্রতিমন্ত্রী জনাব সৈয়দ দীদার বখত এক শোকবার্তায় কবি ও সাহিত্যিক ডঃ আবু হেনা মোস্তফা কামালের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।

## ডঃ আবু হেনা

প্রথম পৃষ্ঠার পর

থাকে। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই পুত্র, তিন কন্যা, ছাত্র-ছাত্রী, সহকর্মী গুণগ্রাহী ও স্বজন রেখে গেছেন।

ডঃ আবু হেনা মোস্তফা কামাল ১৯৩৬ সালের ১২ মার্চ পাবনায় জন্মগ্রহণ করেন। ১৯৫২ সালে মেধা তালিকায় ত্রয়োদশ স্থান অধিকার করে তিনি পাবনা জেলা স্কুল থেকে মেট্রিক পরীক্ষায় উত্তীর্ণ হন। ১৯৫৪ সালে তিনি সপ্তম স্থান অধিকার করে ঢাকা কলেজ হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। মেধাবী ছাত্র ডঃ কামাল ১৯৫৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলায় অনার্স এবং ১৯৫৯ সালে মাস্টার্স পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম হন। পাবনা এডওয়ার্ড কলেজের বাংলা বিভাগের লেকচারার হিসেবে তাঁর কর্মজীবনের শুরু। তিনি চাঁপাইনবাবগঞ্জ কলেজ এবং রাজশাহী সরকারী কলেজেও শিক্ষকতা করেন। ডঃ আবু হেনা মোস্তফা কামাল ১৯৬৩ সালে লেকচারার হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগ দেন।

পরবর্তীতে তিনি রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়েও লেকচারার হিসেবে ছিলেন। ১৯৬৯ সালে তিনি লণ্ডন বিশ্ববিদ্যালয় হতে পিএইচডি ডিগ্রী লাভ করেন। রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার পর ডঃ আবু হেনা মোস্তফা কামাল ১৯৭৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে প্রফেসর হিসেবে যোগদান করেন। ১৯৮৪ সালে তিনি প্রেষণে শিল্পকলা একাডেমীর মহাপরিচালক পদে নিযুক্ত হন। ১৯৮৬ সালের মার্চে তিনি বাংলা একাডেমীর মহাপরিচালক হিসেবে যোগ দেন। মৃত্যুর আগে পর্যন্ত তিনি এই পদে অধিষ্ঠিত ছিলেন।

প্রখ্যাত কবি ও গীতিকার ডঃ আবু হেনা মোস্তফা কামালের তিনটি কাব্যগ্রন্থের প্রনেতা। আপন যৌবন বৈরী তাঁর অন্যতম কাব্যগ্রন্থ। রেডিও এবং টেলিভিশনের তিনি জনপ্রিয় উপস্থাপক ছিলেন। সঙ্গীত শিল্পী হেমন্ত মুখপাধ্যায়ের সঙ্গীত অনুষ্ঠান ছিল তাঁর উপস্থাপিত শেষ অনুষ্ঠান।

ডঃ আবু হেনা মোস্তফা কামাল ১৯৭৫ সালে আলাওল সাহিত্য পুরস্কার এবং ১৯৮৭ সালে একুশে পদক লাভ করেন। আজ্ব বাদ আছর ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদে নামাজে জানাজার পর তাঁর লাশ আজিমপুর গোরস্থানে দাফন করা হবে।

**বিভিন্ন মহলের শোক**

ডঃ আবু হেনা মোস্তফা কামালের মৃত্যুতে বিভিন্ন মহল গভীর শোক প্রকাশ করেছে। পৃথক পৃথক বিবৃতিতে তারা মরহুমের রূহের মাগফেরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছেন।

**ভিসি ঢাকা বিশ্ববিদ্যালয়**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রফেসর এবং বাংলা একাডেমীর মহাপরিচালক প্রফেসর আবু হেনা মোস্তফা কামালের আকস্মিক ইন্তেকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান শোক প্রকাশ করেছেন। শোক বাণীতে তিনি বলেন, প্রফেসর আবু হেনা মোস্তফা কামাল বাংলা ও সাহিত্যের একজন খ্যাতনামা শিক্ষক ও পণ্ডিত ছিলেন। তাঁর অকাল মৃত্যুতে দেশের শিক্ষাক্ষেত্রে যে ক্ষতি হলো তা পূরণ হওয়ার নয়।

**বিএনপি**

বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক আবু হেনা মোস্তফা কামালের ইন্তেকালে বিএনপি'র মহাসচিব ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার গভীর শোক প্রকাশ করেছেন। গতকাল প্রদত্ত এক শোক বাণীতে তিনি বলেন, মরহুমের মৃত্যুতে জাতি একজন প্রখ্যাত শিক্ষাবিদ ও সংস্কৃতি সেবীকে হারালো।

**আ স ম রব**

বিরোধী দলীয় নেতা জনাব আ স ম আবদুর রব বিশিষ্ট সাহিত্যিক ও শিক্ষাবিদ জনাব আবু হেনা মোস্তফা কামাল-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে গতকাল এক বিবৃতি দিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক হলের সাবেক ভিপি আবু হেনা মোস্তফা কামালের মৃত্যুতে ফজলুল হক হলের ভিপি হাবিবুল ইসলাম হাবিব ও জিএস হাবিব-উন-নবী সোহেল শোক প্রকাশ করে গতকাল এক বিবৃতি দেন।

ঐক্য জাসদ, যুক্তফ্রন্ট, জাতীয় জনতা পার্টি, জাসাস, ক্রান্তি, টেলিভিশন সম্প্রচার কর্মচারী কল্যাণ সমিতি, থিয়েটার, টেলিভিশন নাট্য জাতীয়বাদী ছাত্র দল, শিল্পী ও নাট্যকার সংসদ জাতীয় ছাত্র লীগ, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, জগন্নাথ হল ছাত্র সংসদ, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, কলকণ্ঠ, ঋত্বিজ শিল্পী গোষ্ঠী।